চট্টগ্রাম বৃহস্পতিবার ৭ মে ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৪১তম বর্ষ ৭৭তম সংখ্যা।। ২৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ।। ১৮ জিলক্বদ ১৪৪৭ হিজরি।। Thursday 7 May 2026।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক অনুষ্ঠানে অতিথিবৃন্দ ও অন্যরা*

# প্রিমিয়ার ভার্সিটির স্থাপত্য বিভাগে বৈশাখী উৎসব 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ'

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে স্থাপত্য বিভাগের উদ্যোগে বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক উৎসব উদযাপন করা হয়েছে। গতকাল বুধবার, দিনব্যাপী এই উৎসবে বিভাগের ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী উদ্বোধন করা হয় ও বাংলাভোজের আয়োজন করা হয়। এছাড়াও আয়োজন করা হয় বরণ ও বিদায়। উৎসবে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার। বিশেষ অতিথি ছিলেন, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের এডভাইজার প্রফেসর সোহেল এম. শাকুর, ইন্টারন্যাশনাল এফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান ও প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী। সভাপতিত্ব করেন স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ। প্রধান অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, বৈশাখ অসাম্প্রদায়িক ও সর্বজনীন উৎসব। বাঙালিদের যত উৎসব আছে, সেগুলোর মধ্যে এটাই একমাত্র উৎসব যেখানে সবাই অংশগ্রহণ করতে পারে। তিনি আরও বলেন, বৈশাখ নতুনকে বরণ করার শিক্ষা দেয়। নতুনকে বরণ করার জন্য মানুষের মধ্যে একটা শক্তি প্রয়োজন। এই শক্তি অর্জন করতে হয়। অনেকে এই শক্তি অর্জন করতে পারে না। বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, স্থাপত্য বিভাগ প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি আদরণীয় বিভাগ। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন কর্মকাণ্ডে ও আয়োজনে, বিভিন্ন কিছু নির্মাণে এই বিভাগ সৌন্দর্যবর্ধনের সৃজনশীল কাজটি করে থাকে। এই বিভাগ শিক্ষার্থীদের সংখ্যার দিক থেকে নয় বরং মানের দিক থেকে উত্তীর্ণ। অতিথিবৃন্দ অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ। বিভিন্ন একাডেমিক বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দও উৎসবে অংশগ্রহণ করেন।

Ref: Daily Purbokone, Date: 07 May 2026, Page: 3, Col: 1

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-05-07

বৃহস্পতিবার
চট্টগ্রাম
৭ মে ২০২৬
২৪ বৈশাখ ১৪৩৩
১৮ জিলকদ ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-১৩৫

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা 4বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4



প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে অনুষ্ঠানে অতিথিবৃন্দ

# প্রিমিয়ার ভার্সিটির স্থাপত্য বিভাগে উৎসব

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে স্থাপত্য বিভাগের উদ্যোগে বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক উৎসব উদযাপন করা হয়েছে। ৬ মে দিনব্যাপী এই উৎসবে বিভাগের ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী উদ্বোধন করা হয় ও বাংলাভোজের আয়োজন করা হয়। এছাড়াও আয়োজন করা হয় বরণ ও বিদায়। উৎসবে প্রধান অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের অ্যাডভাইজার প্রফেসর সোহেল এম. শাকুর, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান ও প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী। সভাপতিত্ব করেন স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ। প্রধান অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, বৈশাখ অসাম্প্রদায়িক ও সর্বজনীন উৎসব। বাঙালিদের যত উৎসব আছে, সেগুলোর মধ্যে এটাই একমাত্র উৎসব যেখানে সবাই অংশগ্রহণ করতে পারে। তিনি আরও বলেন, বৈশাখ নতুনকে বরণ করার শিক্ষা দেয়। নতুনকে বরণ করার জন্য মানুষের মধ্যে একটা শক্তি প্রয়োজন। এই শক্তি অর্জন করতে হয়। অনেকে এই শক্তি অর্জন করতে পারে না। তারা পুরনোকে আঁকড়ে ধরে বাঁচতে চায়। দেশ ও সভ্যতাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে তারা প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়। অন্যদিকে যারা নতুনকে বরণ করতে পারে, তারা দেশ ও সভ্যতাকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার মাধ্যমে এগিয়ে নিয়ে যায়। বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, স্থাপত্য বিভাগ প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি আদরণীয় বিভাগ। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন কর্মকাণ্ডে ও আয়োজনে, বিভিন্ন কিছু নির্মাণে এই বিভাগ সৌন্দর্যবর্ধনের সৃজনশীল কাজটি করে থাকে। এই বিভাগ শিক্ষার্থীদের সংখ্যার দিক থেকে নয়, বরং মানের দিক থেকে উত্তীর্ণ। অতিথিবৃন্দ অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 07 May 2026, Page: 2, Col: 3
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-05-7

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ৭ মে ২০২৬ • ২৪ বৈশাখ ১৪৩৩ • ১৮ জিলকদ ১৪৪৭
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ২৪৯

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ এপ্রিলেও বাড়লো মূল্যস্ফীতি

৫ খেলাধুলায় নতুন প্রজন্মকে উদ্বুদ্ধ করতে হবে : এরশাদ উল্লাহ

৬ কাউন্সিলরের নাম ১৬ মে'র মধ্যে পাঠাতে হবে



**কাতালগঞ্জে বাণিজ্যিক স্থাপনার বিরুদ্ধে তড়িৎ ব্যবস্থা প্রশংসনীয় কাজ**

সমাজে কিছু মানুষ আছেন যারা ক্ষতিকর কিছু করার জন্য ওঁৎ পেতে থাকেন।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগে 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক অনুষ্ঠানে অতিথিবৃন্দ ও অন্যরা

# বৈশাখ সর্বজনীন উৎসব : উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে স্থাপত্য বিভাগের উদ্যোগে বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক উৎসব উদযাপন করা হয়েছে। ৬ মে দিনব্যাপী এই উৎসবে বিভাগের ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী উদ্বোধন করা হয় ও বাংলাভোজের আয়োজন করা হয়।

এছাড়াও আয়োজন করা হয় বরণ ও বিদায়। উৎসবে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রকৌশল অনুষদের সহযোগী ডিন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের অ্যাডভাইজার প্রফেসর সোহেল এম. শাকুর, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের ডিরেক্টর সাদাত জামান খান ও প্রক্টর জনাব মোহাম্মদ সোলাইমান চৌধুরী। সভাপতিত্ব করেন স্থাপত্য বিভাগের চেয়ারম্যান হোসেন মুরাদ।

> প্রিমিয়ার ইউনিভার্সিটি 'স্থাপত্যের আঙিনায় বৈশাখ' শীর্ষক উৎসব

প্রধান অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, বৈশাখ অসাম্প্রদায়িক ও সর্বজনীন উৎসব। বাঙালিদের যত উৎসব আছে, সেগুলোর মধ্যে এটাই একমাত্র উৎসব যেখানে সবাই অংশগ্রহণ করতে পারে।

তিনি আরও বলেন, বৈশাখ নতুনকে বরণ করার শিক্ষা দেয়। নতুনকে বরণ করার জন্য মানুষের মধ্যে একটা শক্তি প্রয়োজন।

এই শক্তি অর্জন করতে হয়। অনেকে এই শক্তি অর্জন করতে পারে না। তারা পুরনোকে আঁকড়ে ধরে বাঁচতে চায়।

দেশ ও সভ্যতাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে তারা প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়।

অন্যদিকে যারা নতুনকে বরণ করতে পারে, তারা দেশ ও সভ্যতাকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার মাধ্যমে এগিয়ে নিয়ে যায়। বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির বলেন, স্থাপত্য বিভাগ প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি আদরণীয় বিভাগ। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন কর্মকাণ্ডে ও আয়োজনে, বিভিন্ন কিছু নির্মাণে এই বিভাগ সৌন্দর্যবর্ধনের সৃজনশীল কাজটি করে থাকে।

এই বিভাগ শিক্ষার্থীদের সংখ্যার দিক থেকে নয়, বরং মানের দিক থেকে উত্তীর্ণ। অতিথিবৃন্দ অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের প্রকল্প প্রদর্শনী পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ। বিভিন্ন একাডেমিক বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দও উৎসবে অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 07 May 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-05-7